


# আন্তর্জাতিক ব্যবসায়ের পরিচালনাগত বিষয়সমূহ

## The Operational Issues of International Business



এই অধ্যায়ে আপনি আন্তর্জাতিক ব্যবসায়ের পরিচালনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয়সমূহ; যেমন-বিপণন, বিতরণ ও সরবরাহ চেইন পদ্ধতি সম্পর্কে জানতে পারবেন। বিশেষত আপনি দেখতে পাবেন প্রতিষ্ঠানগুলো কিভাবে ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে সে সকল সিদ্ধান্ত গ্রহণ করে। এই সিদ্ধান্তসমূহের মধ্যে রয়েছে কোন পণ্যগুলো আন্তর্জাতিকভাবে বাজারজাত করা হয় এবং কিভাবে সেই পণ্যগুলোর উৎস নির্ধারণ ও বিতরণ করা হয়। এই অধ্যায়টিতে আন্তর্জাতিক ব্যবসায় হিসাববিজ্ঞানের মানদণ্ডগুলো বুঝতে পারবেন। এ ছাড়া এই অধ্যায়টি শেষে আপনি আন্তর্জাতিক ব্যবসায়ের আর্থিক ব্যবস্থাপনা ও বৈশ্বিক মানবসম্পদ ব্যবস্থাপনা সম্পর্কে জানতে পারবেন।

 ইউনিট সমাপ্তির সময়	ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ৪ সপ্তাহ
<b>এই ইউনিটের পাঠসমূহ</b>	
পাঠ-৯.১ : আন্তর্জাতিক বিপণনের মৌলিক বিষয়াদি	
পাঠ-৯.২ : আন্তর্জাতিক বিপণনের কৌশলসমূহ	
পাঠ-৯.৩ : বৈশ্বিক সোর্সিং ও বিতরণ	
পাঠ-৯.৪ : আন্তর্জাতিক ব্যবসায় বৈশ্বিক উৎপাদন ও সরবরাহ চেইন ব্যবস্থাপনা	
পাঠ-৯.৫ : আন্তর্জাতিক ব্যবসায় হিসাববিজ্ঞান মানদণ্ড	
পাঠ-৯.৬ : আন্তর্জাতিক ব্যবসায়ের আর্থিক ব্যবস্থাপনা	
পাঠ-৯.৭ : বৈশ্বিক মানবসম্পদ ব্যবস্থাপনা	

## পাঠ-৯.১

আন্তর্জাতিক বিপণনের মৌলিক বিষয়াদি  
Fundamentals of International Marketing

## উদ্দেশ্য

## এই পাঠ শেষে আপনি

- বিপণন মিশ্রণ এবং এর উপাদান সম্পর্কে জানতে পারবেন;
- বিপণন চ্যানেলগুলো কীভাবে সহায়তা করে, তা জানতে পারবেন;
- কীভাবে আন্তর্জাতিক বাজারগুলোকে বিভাগ করতে হয়, তা জানতে পারবেন;
- উদীয়মান বাজার সম্পর্কে জানতে পারবেন;
- বৈশ্বিক বাজার গবেষণা সম্পর্কে জানতে পারবেন;
- বৈশ্বিক ব্র্যান্ডিং কী, তা বুঝতে পারবেন;
- উদীয়মান বাজারগুলোর ব্র্যান্ডিং কৌশল পরিকল্পনা সম্পর্কে জানতে পারবেন;
- কেন্দ্রীকরণ বনাম বিকেন্দ্রীকরণকৃত বিপণন সিদ্ধান্ত গ্রহণ সম্পর্কে জানতে পারবেন;
- জাল বাজার কীভাবে প্রতিষ্ঠানগুলোর জন্য ক্ষতিকারক হতে পারে এবং এর সমাধানগুলো ব্যাখ্যা করতে সক্ষম হবেন।

বৈশ্বিক সম্প্রসারণের মূল কারণ হলো নতুন ভোক্তাদের কাছে পৌঁছানো। উন্নয়নশীল বিশ্বের জীবনযাত্রার মান বাড়ার অর্থ হলো কোটি কোটি নতুন গ্রাহক সৃষ্টি। প্রকৃতপক্ষে বিশ্বের জনসংখ্যার ৮০ শতাংশ জনসংখ্যা উদীয়মান বাজারের (Emerging Markets) দেশে বাস করে। এই বৈশ্বিক গ্রাহকদের কাছে পৌঁছানোর সর্বোত্তম উপায় কী? এর জন্য বৈশ্বিক ব্যবসায়ের প্রেক্ষাপটে বিপণন সম্পর্কে ধারণা রাখা উচিত।

## বিপণন মিশ্রণ

## Marketing Mix

বিপণন মিশ্রণ হলো এমন কিছু উপাদানের সংমিশ্রণ, যা কোনো প্রতিষ্ঠান তার গ্রাহকদের পণ্য ক্রয়ে প্রভাবিত করতে ব্যবহার করে থাকে। বিপণন মিশ্রণের মোট চারটি উপাদান রয়েছে। তা হলো পণ্য, মূল্য, প্রচার ও স্থান। চারটি উপাদান একসাথে বিপণন মিশ্রণ গঠন করে। এই চারটি উপাদান একে অপরকে প্রভাবিত করে। বাজারজাতকারীরা পণ্য, মূল্য, প্রচার ও স্থানের মিশ্রণ দেখে বাজারের চাহিদা মেটাতে এবং কোম্পানির জন্য সেবা ফলাফল তৈরি করতে প্রতিটি উপাদানকে সুসংহত করে এবং সমন্বয় করে। কোনো কোম্পানির বিপণনের মিশ্রণ বিভিন্ন দেশের জন্য প্রায়ই ভিন্ন হয়, তার কারণ হলো :

- ✓ একটি দেশের সংস্কৃতি এবং স্থানীয় পছন্দ;
- ✓ একটি দেশের অর্থনৈতিক স্তর;
- ✓ একটি দেশের গ্রাহকদের সামর্থ্য এবং
- ✓ একটি দেশের বিতরণব্যবস্থা ও মিডিয়া।

## বিপণন মিশ্রণের উপাদানসমূহ

## Elements of Marketing Mix

## ক। পণ্য (Product)

পণ্য হলো এমন একটি বস্তু, যা গ্রাহকের চাহিদা পূরণ করে থাকে। এটি দৃশ্যমান বা অদৃশ্যমান হতে পারে। এই পণ্য বা সেবাসমূহ বিভিন্ন ব্যবসায়প্রতিষ্ঠান দ্বারা গ্রাহকদের অফার করা হয়ে থাকে। একটি আদর্শ পণ্য বা সেবা অবশ্যই তার গ্রাহকদের চাহিদা পূরণে সক্ষম হবে এবং এটি তার প্রয়োজনীয়তা সম্পর্কে গ্রাহকদের উপলব্ধি করাবে। সফল হওয়ার জন্য

বিপণনকারীদের একটি পণ্যের জীবনচক্র বুঝতে হবে এবং ব্যবসায়িক নির্বাহীদের পণ্যের জীবনচক্রের প্রতিটি পর্যায়ে কাজ করার জন্য পরিকল্পনা করতে হবে।

#### খ। মূল্য (Price)

পণ্য সম্পর্কে সুদৃঢ় ধারণা প্রতিষ্ঠিত হয়ে গেলে আমরা এর মূল্যের সিদ্ধান্ত নেওয়া শুরু করতে পারি। কোনো নির্দিষ্ট পণ্য বা সেবা অর্জনের জন্য গ্রাহকরা যে দাম প্রদানে সম্মত হয়ে থাকে তাকে মূল্য বলে। পণ্যের মূল্য, বাজার বিভাজন, বাজারের অর্থ প্রদানের ক্ষমতা, সরবরাহ চাহিদা এবং অন্যান্য প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ কারণগুলোর ওপর নির্ভর করে থাকে। মূল্যের বিভিন্ন ধরনের কৌশল থাকতে পারে, যা সামগ্রিক ব্যবসায়িক পরিকল্পনার সাথে জড়িত। ব্যবসায়ের আয় অর্জনে মূল্য একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

#### গ। স্থান (Place)

বিপণন হলো পণ্য বা সেবাসামগ্রী সঠিক সময়ে, সঠিক দামে, সঠিক স্থানে, সঠিক সময়ে স্থাপন করা। স্থান বলতে বিক্রয় বিন্দুকে বোঝায়। প্রতিটি শিল্পে, গ্রাহকের দৃষ্টি আকর্ষণ করার জন্য এবং তার পক্ষে এটি সহজসাধ্যভাবে কেনার জন্য একটি ভালো বিতরণ বা 'স্থান' প্রয়োজন হয়। আর এই স্থান নির্বাচনটি ব্যবসায়িক কৌশলের একটি মূল লক্ষ্য। সম্ভাব্য ক্লায়েন্টদের প্রকৃত ক্লায়েন্টে রূপান্তর করার জন্য আদর্শ অবস্থানগুলো অবশ্যই মূল্যায়ন করতে হবে। খুচরা বিক্রেতারা সঠিক অবস্থানের জন্য একটি প্রিমিয়াম প্রদান করে থাকে। আর একটি সফল খুচরা ব্যবসায়ের মন্ত্র হলো আদর্শ বিক্রয় স্থান বা (Location)।

#### ঘ। প্রচার (Promotion)

পণ্য বা সেবাসমূহ ব্যবহারকারীর কাছে পরিচিত করার জন্য গৃহীত সমস্ত ক্রিয়াকলাপকে প্রচার বলে। প্রচারের মধ্যে বিজ্ঞাপন (Advertisement), জনসম্পর্ক সংবাদ প্রতিবেদন (Public Relations Report), প্রণোদনা (Motivation), কমিশন (Commission) এবং প্রচারমূলক কৌশল (Advertisement Strategies) অন্তর্ভুক্ত। কোনো পণ্য প্রচারের ক্ষেত্রে বিপণন মিশ্রণের এই প্রচার কৌশলগুলো ভোক্তাদের দেখায় যে তাদের কেন এটি প্রয়োজন এবং এর জন্য কতটুকু মূল্য প্রদান করা উচিত। কথায় আছে, প্রচারেই প্রসার। কৌশলগত প্রচার এবং গুণগত পণ্য ব্যবসায়ের রাজস্ব বৃদ্ধিতে অনেক সহায়তা করে।

### বিপণন চ্যানেল

#### Marketing Channel

বিপণন চ্যানেল হলো একটি পদ্ধতি বা পথ, যার মাধ্যমে চূড়ান্ত পণ্য উৎপাদক থেকে চূড়ান্ত ভোক্তার কাছে সরবরাহ করা হয়ে থাকে। পণ্যসমূহ চ্যানেলের মাধ্যমে গ্রাহকদের কাছে পৌঁছায়। এর জন্য কিছু প্রতিষ্ঠান বা ব্যক্তিবর্গ পণ্যসমূহ উৎপাদক থেকে চূড়ান্ত ভোক্তা পর্যন্ত পণ্য চলাচলে সহায়তা করে। সৎক্ষিপ্ততম চ্যানেল হলো প্রত্যক্ষ চ্যানেল, যেটি কেবল উৎপাদনকারী ও গ্রাহকদের নিয়ে গঠিত। এ ক্ষেত্রে গ্রাহক সরাসরি উৎপাদকের কাছ থেকে পণ্য ক্রয় করে, যেমন আপনি যখন কোনো স্থানীয় কৃষকের কাছ থেকে সরাসরি আপেল কিনে থাকেন। বিপরীতে অপ্রত্যক্ষ চ্যানেলে, গ্রাহক এবং উৎপাদকের মধ্যে এক বা একাধিক মধ্যস্থতাকারী থাকে। এই মধ্যস্থতাকারীদের মধ্যে পরিবেশক, পাইকার, এজেন্ট, দালাল ও খুচরা বিক্রেতা অন্তর্ভুক্ত রয়েছে।

আন্তর্জাতিক ব্যবসায় আমদানি ও রপ্তানিকে প্রভাবিতকারী আইনগুলোর কারণে মধ্যস্থতাকারীর সংখ্যা প্রসারিত হয়ে থাকে। এজেন্ট, দালাল, আন্তর্জাতিক মালবাহী ফরোয়ার্ডার এবং বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলো জড়িত হতে পারে। তারপর একবার কোনো কোম্পানির পণ্য বিদেশে চলে গেলে সেই দেশের নিজস্ব পাইকাররা জড়িত থাকতে পারে। ফার্মকে তাদের সেবার জন্য এই সমস্ত মধ্যস্থতাকারীকে অবশ্যই কমিশন প্রদান করতে হবে, যা পণ্যের দাম বাড়াই। এই যুক্ত চ্যানেলে বাড়তি ব্যয়ের মোকাবেলায় ব্যবসায়প্রতিষ্ঠানগুলোকে অবশ্যই দাম বাড়াতে হবে বা কম মার্জিন গ্রহণ করতে হবে।

## বাজার বিভাজন

### (Market Segmentation)

বাজার বিভাজন হলো একটি বড় বাজারকে একই বৈশিষ্ট্যসম্পন্ন ছোট কয়েকটি বাজারে বিভক্ত করার প্রক্রিয়া। বৈশিষ্ট্যগুলো জনসংখ্যাবিষয়ক হতে পারে, যেমন বয়সের বিভাগ(শিশু, কিশোর, প্রাপ্তবয়স্ক, বৃদ্ধ), লিঙ্গ বা পরিবারের আয়ের দ্বারাও ভাগ করা হতে পারে। বিভাগগুলো ভৌগোলিক অবস্থানের ভিত্তিতে বা জীবনযাত্রার ভিত্তিতেও করা যেতে পারে। বিভাজনটির উদ্দেশ্য কোম্পানিকে তার গ্রাহকদের একটি বাস্তব দৃষ্টিভঙ্গি দেওয়া, যাতে সেই গ্রাহকের কাছে কীভাবে বাজারজাত করা যায় তা যেন আরো ভালোভাবে বোঝা যায়। বিভাগগুলো কোম্পানিকে তাদের বিপণনের প্রচেষ্টা আরো কার্যকরভাবে লক্ষ্যবস্তুতে পরিণত করতে সহায়তা করে।

## টার্গেট মার্কেট চিহ্নিতকরণ

### (Identifying Target Customers)

টার্গেট মার্কেট হলো এমন এক সম্ভাব্য গ্রাহককে বোঝায়, যার কাছে একটি প্রতিষ্ঠান তার পণ্য এবং সেবা বিক্রয় করতে চায়। টার্গেট মার্কেটটি চিহ্নিত করা বিপণনকারীদের জন্য অন্যতম গুরুত্বপূর্ণ কাজ। এটি বিপণন কৌশলের সমস্ত উপাদানের ভিত্তি হিসেবে কাজ করে। বিপণন চ্যানেল, পণ্য বা সেবার বিকাশ ও নামকরণ কী হবে, তা সঠিক টার্গেট মার্কেটের ওপর নির্ভর করে। একটি ব্যবসায়প্রতিষ্ঠান যত ভালো করে তাদের টার্গেট মার্কেট বুঝতে পারবেন, ততই তারা তাদের টার্গেট মার্কেটকে আকৃষ্ট করতে সক্ষম হবেন।

## উদীয়মান বাজার

### (Emerging Markets)

উদীয়মান বাজারগুলো উদীয়মান অর্থনীতি বা উন্নয়নশীল দেশ হিসেবেও পরিচিত। আন্তর্জাতিক অর্থনীতি বিভিন্ন দেশের মধ্যে পণ্যগুলোর বিস্তৃত বিতরণকে উৎসাহ দিয়ে থাকে। অনেক ছোট ব্যবসা বিশ্বব্যাপী উদীয়মান বাজারগুলোতে ব্যবসায়ের সুযোগগুলো নিতে সময় এবং মূলধন বিনিয়োগ করে থাকে।

একটি উদীয়মান বাজারে ব্যবসা করার উপকারিতাগুলো নিম্নরূপ :

- নতুন ধরনের জিনিসগুলোর চাহিদা বৃদ্ধি;
- নতুন ব্র্যান্ড প্রতিষ্ঠা এবং প্রতিযোগিতা দূরীকরণ;
- ক্রমবর্ধমান অবকাঠামোতে সহায়তা;
- উদীয়মান অর্থনীতি মন্দার বিরুদ্ধে সহায়তা;
- উদীয়মান বাজারগুলোতে মর্যাদাপূর্ণ ব্যবসা প্রতিষ্ঠায় সহায়তা করে এবং
- উদীয়মান দেশগুলোতে মধ্যবিত্ত মানুষের সংখ্যা ক্রমে বেড়ে চলেছে। এই দেশগুলোতে চাকরি পরিবারের জন্য আয়ের উন্নতি করেছে। এই দ্রুতবর্ধমান উপার্জন, বিশেষত শহরাঞ্চলে, নিষ্পত্তিযোগ্য আয়ের নতুন পুল তৈরি করে। বিশ্বের দশটি বৃহত্তম শহরের মধ্যে আটটিতে উদীয়মান বাজারে রয়েছে।

## বৈশ্বিক বাজার গবেষণা

### (Global Market Research)

বৈশ্বিক বাজার গবেষণা হলো অন্য দেশের বাজার সম্পর্কে গবেষণা পরিচালনা করা। এর মূল উদ্দেশ্য হলো অন্য দেশের সাংস্কৃতিক পার্থক্য এবং অর্থনৈতিক বিষয়গুলো বিশ্লেষণ করা, যা গ্রাহকদের ক্রয়ের সিদ্ধান্ত এবং মতামতকে প্রভাবিত করে। এই বাজার গবেষণার মাধ্যমে বৈশ্বিক গ্রাহকরা কী চান তার সন্ধান করা যায় এবং কীভাবে এই পণ্যগুলো উৎপাদন করতে হয় তার পরিকল্পনা করা যায়।

## বৈশ্বিক ব্র্যান্ডিং

### (Global Branding)

বৈশ্বিক ব্র্যান্ডিং হলো কেন্দ্রীয়ভাবে সমন্বিত বিপণন কৌশল, যা একাধিক দেশে একই নামে পণ্য বা সেবা বিপণনের কাজ করে। উদাহরণস্বরূপ, ইউনিলিভারের লাক্স সাবানের বিজ্ঞাপনটি এমনভাবে করা হয়ে থাকে, যা বিশ্বব্যাপী স্বীকৃত।

## উদীয়মান বাজারগুলোর জন্য ব্র্যান্ডিং কৌশল পরিকল্পনা

### (Planning a Brand Strategy for Emerging Markets)

একটি প্রতিষ্ঠিত বাজারে নতুন একটি ব্র্যান্ড তৈরি করা যথেষ্ট কঠিন। যখন এই প্রচেষ্টাটি বিশ্বব্যাপী হয়, বিশেষত উদীয়মান বাজারে তখন মনে হতে পারে যে প্রতিষ্ঠানটি একটি কঠিন যুদ্ধ করছেন। তবে এর অর্থ এই নয় যে এটি অসম্ভব। উন্নত বাজারগুলোতে ব্র্যান্ড তৈরির জন্য পাঁচটি কার্যকর কৌশল রয়েছে।

- পণ্যের দামে সহজলভ্য করা;
- বিতরণ চ্যানেলে বিনিয়োগ করা;
- শক্তিশালী ব্র্যান্ড তৈরি করা;
- প্রতিযোগীদের জানা এবং
- উদীয়মান বাজারের উদ্যোক্তাদের উৎসাহ দেওয়া।

## কেন্দ্রীভূত বনাম বিকেন্দ্রীভূত বিপণনের সিদ্ধান্তসমূহ

### (Centralized versus Decentralized Marketing Decisions)

আন্তর্জাতিক ব্যবসায় বিপণনের সিদ্ধান্ত নেওয়া একটি গুরুত্বপূর্ণ বিষয়। দেশ বা প্রতিষ্ঠানভেদে সাধারণত দুটি পদ্ধতিতে বিপণন সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সেগুলো হলো একটি কেন্দ্রীভূত বিপণন সাংগঠনিক কাঠামো, যেখানে অভিভাবক দেশের সদর দপ্তর সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ধরে রাখে। বিকেন্দ্রীভূত বিপণনের সাংগঠনিক কাঠামোয় অঞ্চলগুলো সদর দপ্তরের অনুমোদন ছাড়াই সিদ্ধান্ত নিতে সক্ষম হয়। কেন্দ্রীয় কাঠামোর সুবিধা হলো গতি, ধারাবাহিকতা এবং মিতব্যয়িতার নীতি, যা ব্যয় বাঁচাতে পারে (যেমন বৈশ্বিক বিপণন প্রচারের মাধ্যমে)। অসুবিধাগুলো হলো বিপণন স্থানীয় জ্ঞানের সাথে আবদ্ধ নয় এবং স্থানীয় রুচি প্রতিফলিত করে না।

## আন্তর্জাতিক বিপণনে অন্যান্য বিষয়-জাল মার্কেট

### (Other issues of International Marketing- Forged Market)

জালিয়াতি একটি ত্রুটিবর্ধমান বৈশ্বিক সমস্যা, যা আন্তর্জাতিক ব্যবসায়কে প্রভাবিত করে-ইলেকট্রনিক্স এবং প্রযুক্তি থেকে শুরু করে বিলাসবহুল ফ্যাশন পণ্য এবং নিম্ন মার্জিন গ্রাহক পণ্য পর্যন্ত এর বিস্তৃত। জাল ভোক্তা পণ্য হলো এমন পণ্য, যা প্রায়ই নিকৃষ্ট মানের এবং ব্র্যান্ডের মালিকের অনুমোদন ছাড়াই অন্যের ব্র্যান্ড নামে তৈরি বা বিক্রি করা হয়। জালিয়াতির বাজার প্রসারিত হওয়ার সাথে সাথে ব্র্যান্ডগুলোর খ্যাতি সুরক্ষিত করা আরো বেশি গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। এর জন্য বিভিন্ন পস্থা অবলম্বন করা যেতে পারে। পস্থাগুলো নিম্নরূপ :

- বিশ্বব্যাপী দৃশ্যমানতা অর্জন করা;
- প্রচারের স্থানগুলো পর্যবেক্ষণ করা;
- সক্রিয় পদক্ষেপ নেওয়া;
- অনলাইনে জাল পণ্য বিক্রয়ের বিরুদ্ধে সামগ্রিকভাবে লড়াই করা;
- অফলাইন প্রতিরক্ষাব্যবস্থা নিশ্চিত করা;
- দ্রুত এবং বিশ্বব্যাপী আইন প্রণয়ন ও বাস্তবায়ন করা এবং
- গ্রাহকদের সচেতন করা।



## সারসংক্ষেপ :

বিপণন মিশ্রণ হলো এমন কিছু উপাদানের সংমিশ্রণ, যা কোনো প্রতিষ্ঠান তার গ্রাহকদের পণ্য ক্রয়ে প্রভাবিত করতে ব্যবহার করে থাকে। বিপণন মিশ্রণের মোট চারটি উপাদান রয়েছে। তা হলো পণ্য, মূল্য, প্রচার ও স্থান। চারটি উপাদান একসাথে বিপণন মিশ্রণ গঠন করে। এই চারটি উপাদান হলো-ক। পণ্য; খ। মূল্য; গ। স্থান ঘ। প্রচার। বিপণন চ্যানেল হলো একটি পদ্ধতি বা পথ, যার মাধ্যমে চূড়ান্ত পণ্য উৎপাদক থেকে চূড়ান্ত ভোক্তার কাছে সরবরাহ করা হয়ে থাকে। পণ্যসমূহ চ্যানেলের মাধ্যমে গ্রাহকদের কাছে পৌঁছায়। এর জন্য কিছু প্রতিষ্ঠান বা ব্যক্তিবর্গ পণ্যসমূহ উৎপাদক থেকে চূড়ান্ত ভোক্তা পর্যন্ত পণ্য চলাচলে সহায়তা করে। বাজার বিভাজন হলো একটি বড় বাজারকে একই বৈশিষ্ট্যসম্পন্ন ছোট কয়েকটি বাজারে বিভক্ত করার প্রক্রিয়া। বৈশিষ্ট্যগুলো জনসংখ্যাবিষয়ক হতে পারে, যেমন বয়সের বিভাগ (শিশু, কিশোর, প্রাপ্তবয়স্ক, বৃদ্ধ), লিঙ্গ বা পরিবারের আয়ের দ্বারাও ভাগ করা হতে পারে। টার্গেট মার্কেট হলো এমন এক সম্ভাব্য গ্রাহককে বোঝায়, যার কাছে একটি প্রতিষ্ঠান তার পণ্য এবং সেবা বিক্রয় করতে চায়। টার্গেট মার্কেটটি চিহ্নিত করা বিপণনকারীদের জন্য অন্যতম গুরুত্বপূর্ণ কাজ। এটি বিপণন কৌশলের সমস্ত উপাদানের ভিত্তি হিসেবে কাজ করে। উদীয়মান বাজারগুলো উদীয়মান অর্থনীতি বা উন্নয়নশীল দেশ হিসেবেও পরিচিত। আন্তর্জাতিক অর্থনীতি বিভিন্ন দেশের মধ্যে পণ্যগুলোর বিস্তৃত বিতরণকে উৎসাহ দিয়ে থাকে। বৈশ্বিক বাজার গবেষণা হলো অন্য দেশের বাজার সম্পর্কে গবেষণা পরিচালনা করা। এর মূল উদ্দেশ্য হলো অন্য দেশের সাংস্কৃতিক পার্থক্য এবং অর্থনৈতিক বিষয়গুলো বিশ্লেষণ করা, যা গ্রাহকদের ক্রয়ের সিদ্ধান্ত এবং মতামতকে প্রভাবিত করে। বৈশ্বিক ব্র্যান্ডিং হলো কেন্দ্রীয়ভাবে সমন্বিত বিপণন কৌশল, যা একাধিক দেশে একই নামে পণ্য বা সেবা বিপণনের কাজ করে। উদাহরণস্বরূপ, ইউনিলিভারের লাক্স সাবানের বিজ্ঞাপনটি এমনভাবে করা হয়ে থাকে, যা বিশ্বব্যাপী স্বীকৃত। উন্নত বাজারগুলোতে ব্র্যান্ড তৈরির জন্য পাঁচটি কার্যকর কৌশল রয়েছে। এগুলো হলো পণ্যের দামে সহজলভ্য করা; বিতরণ চ্যানেলে বিনিয়োগ করা; শক্তিশালী ব্র্যান্ড তৈরি করা; প্রতিযোগীদের জানা এবং উদীয়মান বাজারের উদ্যোক্তাদের উৎসাহ দেওয়া। আন্তর্জাতিক ব্যবসায় বিপণনের সিদ্ধান্ত নেওয়া একটি গুরুত্বপূর্ণ বিষয়। দেশ বা প্রতিষ্ঠানভেদে সাধারণত দুটি পদ্ধতিতে বিপণন সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সেগুলো হলো, একটি কেন্দ্রীভূত বিপণন সাংগঠনিক কাঠামো এবং আরেকটি হলো বিকেন্দ্রীভূত বিপণনের সাংগঠনিক কাঠামো। জালিয়াতি একটি ক্রমবর্ধমান, বৈশ্বিক সমস্যা, যা আন্তর্জাতিক ব্যবসায়কে প্রভাবিত করে-ইলেকট্রনিক্স এবং প্রযুক্তি থেকে শুরু করে বিলাসবহুল ফ্যাশন পণ্য এবং নিম্ন মার্জিন গ্রাহক পণ্য পর্যন্ত এর বিস্তৃত। জাল ভোক্তা পণ্য হলো এমন পণ্য, যা প্রায়ই নিকৃষ্ট মানের এবং ব্র্যান্ডের মালিকের অনুমোদন ছাড়াই অন্যের ব্র্যান্ড নামে তৈরি বা বিক্রি করা হয়।

## পাঠ-৯.২

আন্তর্জাতিক বিপণনের কৌশলসমূহ  
Strategies of International Marketing

## উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি

- বিভিন্ন দেশে পণ্য বিপণন করার কৌশলগুলো বুঝতে পারবেন;
- দেশভিত্তিক প্রভাব জানতে পারবেন;
- বিপরীত উদ্ভাবনের সুবিধা বিবেচনা করতে পারবেন।

আন্তর্জাতিক ব্যবসায়প্রতিষ্ঠান বিভিন্ন দেশে পণ্য বাজারজাত করার জন্য সাধারণত তিনটি কৌশল অনুসরণ করে। এগুলো হলো :

১. সরাসরি পণ্য সম্প্রসারণ;
২. পণ্য অভিযোজন;
৩. পণ্য আবিষ্কার।

### ১. সরাসরি পণ্য সম্প্রসারণ (Straight Product Extension)

সরাসরি পণ্য সম্প্রসারণ এর অর্থ হলো কোম্পানির বর্তমান পণ্য ব্যবহার করা এবং পণ্যটিতে কোনো পরিবর্তন না করেই তা অন্য দেশে বিক্রি করা। এই কৌশলটির সুবিধাগুলো হলো কোম্পানিটির নতুন গবেষণা, উন্নয়ন বা উৎপাদন বিনিয়োগ করার প্রয়োজন খুবই কম। মোড়কীকরণ এবং লেবেলিংয়ে পরিবর্তনগুলো করা যেতে পারে তবে এগুলো স্থানীয় নিয়ামকের প্রয়োজনীয়তা দ্বারা চালিত হয়। তবে অসুবিধাগুলো হলো এর পণ্যগুলো স্থানীয় প্রয়োজনের সাথে যথাযথভাবে উপযুক্ত নাও হতে পারে এবং উচ্চ উৎপাদন এবং শ্রমের ব্যয়ের কারণে পণ্যগুলো আরো ব্যয়বহুল হতে পারে।

#### সুবিধাসমূহ :

- এটি ব্র্যান্ডের ভাবমূর্তি বাড়ায়;
- গ্রাহকদের দ্বারা বিবেচিত ঝুঁকি হ্রাস পায়।

#### অসুবিধাসমূহ :

- নির্ভরযোগ্যতা হ্রাস পেতে পারে;
- ভাবমূর্তির ক্ষতি হতে পারে এবং
- কার্যক্রমে ব্যর্থ হতে পারে।

### ২. পণ্য অভিযোজন (Product Adaptation)

দ্বিতীয় কৌশলটি হলো পণ্য অভিযোজন এবং এটি কোম্পানির বিদ্যমান পণ্যটিকে এমনভাবে সংশোধন করে, যা স্থানীয় প্রয়োজনের সাথে এটি আরো ভালোভাবে ফিট করে। উদাহরণস্বরূপ, যখন প্রস্টার অ্যান্ড গ্যাম্বল (P&G) ভারতের মতো উদীয়মান বাজারগুলোতে টাইড (Tide) ডিটারজেন্ট চালু করেছিল, তখন ভারতের প্রতিদ্বন্দ্বী ব্র্যান্ডগুলোকে অপসারণের জন্য পণ্যের সংস্কার করা হয়েছিল। মূল টাইডের তুলনায় সংস্কারকৃত টাইডের দাম কম। পণ্য স্থানীয়করণের আরেকটি উপায় হলো মোড়কীকরণ। স্থানীয়ভাবে উপযুক্ত মোড়কীকরণের অর্থ কেবল দেশের ভাষা ব্যবহার করা নয়। এর অর্থ প্যাকেজিং মাপ তৈরি করা, যা একটি দেশের জন্য উপযুক্ত।

#### সুবিধাসমূহ :

- বিতরণ এবং পণ্য পরীক্ষা করার সম্ভাবনা বেড়ে যায়। একটি প্রতিষ্ঠিত ব্র্যান্ডের নাম গ্রাহককে পণ্য ক্রয়ে আগ্রহী করে তোলে;
- প্রচার ব্যয়ের দক্ষতা বাড়ে। বিজ্ঞাপন, বিক্রয় এবং প্রচারমূলক ব্যয় হ্রাস পায়।

**অসুবিধাসমূহ :**

- নির্ভরযোগ্যতা হ্রাস পেতে পারে;
- ভাবমূর্তির ক্ষতি হতে পারে এবং
- কার্যক্রমে ব্যর্থ হতে পারে।

**৩. পণ্য আবিষ্কার (Product Invention)**

তৃতীয় কৌশলটি হলো পণ্য আবিষ্কার, যা লাখো বাজারের জন্য সম্পূর্ণরূপে নতুন পণ্য তৈরি করে। এই কৌশলটিতে কোম্পানিগুলো সে দেশের জন্য কোনো পণ্য কীভাবে ডিজাইন করা যায়, তা পুনর্বিবেচনা করে। নতুন দেশের বাজারের জন্য পণ্য উদ্ভাবনের প্রথম পদক্ষেপ হলো সেই বাজারের প্রয়োজনীয় পণ্যের বৈশিষ্ট্যগুলো বোঝা এবং সেগুলো নিয়ে গবেষণা করা।

**সুবিধাসমূহ :**

- নতুন ব্র্যান্ডের বিকাশের ব্যয় সাশ্রয় করে এবং
- মোড়কীকরণ এবং লেবেল দক্ষতা বৃদ্ধি করে।

**অসুবিধাসমূহ :**

- নির্ভরযোগ্যতা হ্রাস পেতে পারে;
- ভাবমূর্তির ক্ষতি হতে পারে এবং
- কার্যক্রমে ব্যর্থ হতে পারে।

**দেশভিত্তিক প্রভাব (Country-of-Origin Effect)**

অনেক সময় পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে ক্রেতাদের আচরণ এর উৎপাদিত দেশের মনোভাবের দ্বারা প্রভাবিত হয়ে থাকে। অনেক ভোক্তা আছে, যারা পণ্যটি কোথায় তৈরি হয় সে সম্পর্কে তুলনামূলক উদাসীন। আবার অনেক ভোক্তা আছে, যারা তাদের দেশে উৎপাদিত পণ্যের পক্ষপাতী। আদি দেশ সেই জাতিকে বোঝায়, যেখানে কোনো পণ্য উৎপাদিত হয় বা ব্র্যান্ড হয়। উৎপত্তি সাধারণত কোনো পণ্যের লেবেলের মাধ্যমে নির্দেশিত হয়, যেমন—‘মেড ইন জাপান’। গ্রাহকরা যখন কোনো পণ্যের উৎপাদিত দেশ সম্পর্কে সচেতন হন, তখন তাঁরা ইতিবাচক বা নেতিবাচক প্রতিক্রিয়া জানাতে পারেন। উদাহরণস্বরূপ, অনেক লোক জাপানে উৎপাদিত গাড়িগুলোর পক্ষে, আবার অনেকে রাশিয়ায় তৈরি গাড়িগুলো নিয়ে কম উৎসাহী হবে। বেশির ভাগ লোক ইতালিতে তৈরি পোশাক কিনে আত্মবিশ্বাসী বোধ করে তবে মেক্সিকো থেকে পোশাকের ক্ষেত্রে কম গ্রহণযোগ্য হবে। এই জাতীয় মনোভাবগুলোর উত্থাপিত হয় কারণ গ্রাহকরা নির্দিষ্ট দেশ সম্পর্কে নির্দিষ্ট চিত্র বা ধারণাকে ধারণ করে। গ্রাহকরা ধরে নিলেন যে জাপান উচ্চমানের গাড়ি উৎপাদন করে এবং রাশিয়া নিম্নমানের গাড়ি উৎপাদন করে। আর এটিই হলো দেশভিত্তিক প্রভাব।

**বিপরীত উদ্ভাবন (Reverse Innovation)**

ক্রমবর্ধমানভাবে বিপণন এবং উদ্ভাবন সরাসরি সংযুক্ত। বিপরীত উদ্ভাবনের অর্থ হলো একটি উন্নয়নশীল দেশের জন্য একটি পণ্য ডিজাইন করা এবং সেই নতুনত্বটি দেশে ফিরিয়ে আনা। উন্নয়নশীল দেশগুলোর জন্য নতুন পণ্য এবং সেবা তৈরির জন্য আমূল উদ্ভাবন প্রয়োজন, যা উন্নত বিশ্বের বাজারেও নতুন সুযোগ সৃষ্টি করে। উদাহরণস্বরূপ, নেসলের ম্যাগি ব্র্যান্ড স্বল্প মূল্য ও স্বল্প ফ্যাটযুক্ত শুকনো নুডলস গ্রামীণ ভারত এবং পাকিস্তানের জন্য তৈরি হয়েছিল এবং পরবর্তীতে এটি বাজেটবান্ড এবং স্বাস্থ্যকর বিকল্প হিসেবে অস্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ডের বাজারে ব্যাপকভাবে সাড়া পেয়েছিল।





## সারসংক্ষেপ :

আন্তর্জাতিক ব্যবসায়প্রতিষ্ঠান বিভিন্ন দেশে পণ্য বাজারজাত করার জন্য সাধারণত তিনটি কৌশল অনুসরণ করে। সরাসরি পণ্য সম্প্রসারণ এর অর্থ হলো কোম্পানির বর্তমান পণ্য ব্যবহার করা এবং পণ্যটিতে কোনো পরিবর্তন না করেই তা অন্য দেশে বিক্রি করা। দ্বিতীয় কৌশলটি হলো পণ্য অভিযোজন এবং এটি কোম্পানির বিদ্যমান পণ্যটিকে এমনভাবে সংশোধন করে, যা স্থানীয় প্রয়োজনের সাথে এটি আরো ভালোভাবে ফিট করে। তৃতীয় কৌশলটি হলো পণ্য আবিষ্কার, যা লক্ষ্য বাজারের জন্য সম্পূর্ণরূপে নতুন পণ্য তৈরি করে। এই কৌশলটিতে কোম্পানিগুলো ড্রাইং অফিসে ফিরে যায় এবং সে দেশের জন্য কোনো পণ্য কীভাবে ডিজাইন করা যায়, তা পুনর্বিবেচনা করে। অনেক সময় পণ্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে ক্রেতাদের আচরণ এর উৎপাদিত দেশের মনোভাবের দ্বারা প্রভাবিত হয়ে থাকে। অনেক ভোক্তা আছে, যারা পণ্যটি কোথায় তৈরি হয় সে সম্পর্কে তুলনামূলক উদাসীন। আবার অনেক ভোক্তা আছে, যারা তাদের দেশে উৎপাদিত পণ্যের পক্ষপাতী। বিপরীত উদ্ভাবনের অর্থ হলো একটি উন্নয়নশীল দেশের জন্য একটি পণ্য ডিজাইন করা এবং সেই নতুনত্বটি দেশে ফিরিয়ে আনা। উন্নয়নশীল দেশগুলোর জন্য নতুন পণ্য এবং সেবা তৈরির জন্য আমূল উদ্ভাবন প্রয়োজন, যা উন্নত বিশ্বের বাজারেও নতুন সুযোগ সৃষ্টি করে।

## পাঠ-৯.৩

## বৈশ্বিক সোর্সিং ও বিতরণ

## Global Sourcing and Distribution



## উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি

- বৈশ্বিক সোর্সিং কী এবং এর সুবিধা-অসুবিধাগুলো বুঝতে পারবেন;
- বিতরণ ব্যবস্থাপনা সম্পর্কে জানতে পারবেন;
- নতুন আন্তর্জাতিক বাজারে প্রবেশের সময় বিতরণ-পরিচালনার কৌশলগুলো বর্ণনা করতে পারবেন।

## বৈশ্বিক সোর্সিং

## Global Sourcing

বৈশ্বিক সোর্সিং এমন এক সংগ্রহের কৌশলকে বোঝায়, যা একটি ব্যবসায় ভূ-রাজনৈতিক সীমানাজুড়ে আন্তর্জাতিক বাজার থেকে পণ্য ও সেবাসামগ্রী অনুসন্ধান করে। এর লক্ষ্য হলো বৈশ্বিক দক্ষতা যেমন স্বল্প ব্যয়ের দক্ষ শ্রম, সস্তা কাঁচামাল এবং অন্যান্য অর্থনৈতিক কারণ যেমন ট্যাক্স বিরতি এবং স্বল্প বাণিজ্য শুল্ক গ্রহণ করা। বিদেশে ব্যয় কম হওয়ায় বেশির ভাগ ব্যবসায়প্রতিষ্ঠানগুলো বৈশ্বিক সোর্সিং কৌশল বেছে নেয়। এর কারণ হয় শ্রমের ব্যয় বা কাঁচামালের ব্যয় কম হয়। প্রায়ই কাঁচামালের ব্যয় ও মজুরি উভয়ই কম থাকে। উদাহরণস্বরূপ, কোনো খেলনা প্রস্তুতকারক যদি বিদেশের কর্মীদের কম মজুরির কারণে বিদেশে উৎপাদন ও বিতরণ ব্যয় কম বলে মনে করেন, তবে প্রতিষ্ঠানটি দেশীয় কারখানাটি বন্ধ করে দিতে পারে এবং বিদেশি প্রস্তুতকারককে ব্যবহার করতে পারে।

## বৈশ্বিক সোর্সিংয়ের সুবিধা-অসুবিধাসমূহ

## Advantages and Disadvantages of Global Sourcing

বৈশ্বিক সোর্সিংয়ের সুবিধাগুলো নিম্নরূপ :

- স্বল্পমূল্যে উৎপাদন করা যায়;
- নির্দিষ্ট মানের বাজারে বিদ্যমান বিশ্বমানের প্রযুক্তির উপলব্ধি করা যায়;
- আধুনিক গবেষণা, নকশা বা বিশেষ জ্ঞানের সুযোগ বৃদ্ধি পায়;
- কাঁচামালের সাল্লাধ্য, যা দেশীয়ভাবে অনুপলব্ধ হতে পারে;
- উৎপাদনক্ষমতা, যা দেশীয়ভাবে অনুপলব্ধ হতে পারে;
- দেশীয় পণ্যের তুলনায় উচ্চ মানের পণ্য তৈরি করা যায়;
- নিজস্ব পছন্দ অনুযায়ী বিপুলসংখ্যক সম্ভাব্য সরবরাহকারীর সন্ধান পাওয়া যায়;
- বিভিন্ন দক্ষতার প্রাপ্যতা, যা স্বদেশে পাওয়া যায় না;
- বৈশ্বিক ব্যবসায়ের দক্ষতা শেখা যায় এবং
- দক্ষ সরবরাহ চেইন ব্যবস্থাপনার ব্যবহার নিশ্চিত করা যায়।

বৈশ্বিক সোর্সিংয়ের অসুবিধাগুলো নিম্নরূপ :

- পেটেন্ট এবং কপিরাইট হারিয়ে যাওয়ার ঝুঁকি থাকে;
- লুকায়িত ব্যয় থাকতে পারে;
- উদীয়মান অর্থনীতির সাথে আর্থিক এবং রাজনৈতিক ঝুঁকি বিদ্যমান থাকতে পারে;
- শ্রম সম্পর্কিত সমস্যা হতে পারে;
- অহেতুক শাটডাউন(Shutdown) এবং সরবরাহে বাধা থাকতে পারে এবং
- তদারকিতে অসুবিধা হতে পারে।

## বিতরণ ব্যবস্থাপনা

### Distribution Management

সরবরাহকারী বা প্রস্তুতকারকের কাছ থেকে বিক্রয় বিন্দুতে পণ্য চলাচলে তদারকি করার প্রক্রিয়াকে বিতরণ ব্যবস্থাপনা বলে। এটি একটি বহুল আলোচিত শব্দ, যা মোড়কীকরণ (Packaging), গুদামজাতকরণ (Inventory), সরবরাহের চেইন এবং লজিস্টিকের (Logistics) মতো অসংখ্য ক্রিয়াকলাপ এবং প্রক্রিয়াগুলোকে বোঝায়। পরিবেশক ও পাইকারদের জন্য বিতরণ ব্যবস্থাপনা ব্যবসায় চক্রের একটি গুরুত্বপূর্ণ অঙ্গ। ব্যবসায়ের লাভের মার্জিনগুলো নির্ভর করে যে কত দ্রুত তারা তাদের পণ্যগুলো বিতরণ করতে পারে। কারণ ব্যবসায়ের বিক্রয় ও উপার্জন বাড়ানো সম্ভব হবে এর মাধ্যমে। ব্যবসায়ের জন্য প্রতিযোগিতা বজায় রাখতে এবং গ্রাহকদের সন্তুষ্ট রাখতে একটি সফল বিতরণ পরিচালনা ব্যবস্থা থাকা খুবই গুরুত্বপূর্ণ।

### বিতরণ-পরিচালনা নির্বাচন: অংশীদার, অর্জন বা আকস্মিক তৈরি

#### (Distribution-Management Choices : Partner, Acquire or Build from Scratch)

একটি নতুন বাজারে প্রবেশের জন্য সাধারণত তিনটি বিতরণের কৌশল রয়েছে। প্রথমত, কোম্পানিগুলো স্থানীয় কোম্পানির সাথে যৌথ উদ্যোগ বা অংশীদারিত্ব করতে পারে। দ্বিতীয় কৌশলটি হলো স্থানীয় কোম্পানির বৃহত্তর বিতরণে তাৎক্ষণিকভাবে প্রবেশাধিকার অর্জন করা। তৃতীয়ত, কোনো কোম্পানি আকস্মিক নিজস্ব বিতরণ তৈরি করতে পারে।



#### সারসংক্ষেপ :

বৈশ্বিক সোর্সিং এমন এক সংগ্রহের কৌশলকে বোঝায়, যা একটি ব্যবসায় ভূ-রাজনৈতিক সীমানাজুড়ে আন্তর্জাতিক বাজার থেকে পণ্য ও সেবাসামগ্রী অনুসন্ধান করে। এর লক্ষ্য হলো বৈশ্বিক দক্ষতা যেমন স্বল্প ব্যয়ের দক্ষ শ্রম, সস্তা কাঁচামাল এবং অন্যান্য অর্থনৈতিক কারণ যেমন ট্যাক্স বিরতি এবং স্বল্প বাণিজ্য শুল্ক গ্রহণ করা। বৈশ্বিক সোর্সিংয়ের বিভিন্ন সুবিধা-অসুবিধা রয়েছে। সরবরাহকারী বা প্রস্তুতকারকের কাছ থেকে বিক্রয় বিন্দুতে পণ্য চলাচলে তদারকি করার প্রক্রিয়াকে বিতরণ ব্যবস্থাপনা বলে। এটি একটি বহুল আলোচিত শব্দ, যা মোড়কীকরণ (Packaging), গুদামজাতকরণ (Inventory), সরবরাহের চেইন এবং লজিস্টিকের মতো অসংখ্য ক্রিয়াকলাপ এবং প্রক্রিয়াগুলোকে বোঝায়। একটি নতুন বাজারে প্রবেশের জন্য সাধারণত তিনটি বিতরণের কৌশল রয়েছে। প্রথমত, কোম্পানিগুলো স্থানীয় কোম্পানির সাথে যৌথ উদ্যোগ বা অংশীদারিত্ব করতে পারে। দ্বিতীয় কৌশলটি হলো স্থানীয় কোম্পানির বৃহত্তর বিতরণে তাৎক্ষণিকভাবে প্রবেশাধিকার অর্জন করা। তৃতীয়ত, কোনো কোম্পানি আকস্মিক নিজস্ব বিতরণ তৈরি করতে পারে।

## পাঠ-৯.৪

আন্তর্জাতিক ব্যবসায় বৈশ্বিক উৎপাদন ও সরবরাহ চেইন ব্যবস্থাপনা  
Production and Supply-Chain Management in International Business

## উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি

- আউটসোর্সিং এবং অফশোরিংয়ের মধ্যে পার্থক্যগুলো বুঝতে পারবেন;
- উৎপাদন ক্রিয়াকলাপ শনাক্তকরণের জন্য তিনটি কৌশল ব্যাখ্যা করতে পারবেন;
- সরবরাহ চেইন ব্যবস্থাপনা সম্পর্কে জানতে পারবেন।

## আউটসোর্সিং ও অফশোরিং

## Outsourcing and Offshoring

যখন কোনো প্রতিষ্ঠান কোনো তৃতীয় পক্ষের সাথে একটি নির্দিষ্ট কার্যসম্পাদন করার জন্য চুক্তিবদ্ধ হয় তাকে আউটসোর্সিং বলে। আউটসোর্সিং অতিরিক্ত ব্যয় হ্রাস এবং লাভের মার্জিন বৃদ্ধির উপায় হিসেবে প্রতিষ্ঠানগুলোতে জনপ্রিয় হয়ে উঠেছে। আউটসোর্সিং ঘটে যখন কোনো সংস্থা তাদের ব্যবসায়ের প্রক্রিয়াটির একটি অংশ বাইরের বিক্রেতার কাছে অর্পণ করে। আউটসোর্সিংয়ের অগণিত সুবিধার মধ্যে উল্লেখযোগ্যটি হলো আউটসোর্সিং কম টাকায় একই কাজ সম্পাদন করে খরচ বাঁচাতে পারে। এ ছাড়া আউটসোর্সিংয়ের ঝুঁকির মধ্যে রয়েছে ক্লায়েন্ট এবং বিক্রেতাদের বিভ্রান্তিকর স্বার্থ, তৃতীয় পক্ষের ওপর নির্ভরতা বৃদ্ধি, অভ্যন্তরীণ সমালোচনা, ব্যবসায়িক ক্রিয়াকলাপের জ্ঞান না থাকা ইত্যাদি।

অফশোরিং হলো যখন নিজ দেশের বাইরে অন্য দেশে উৎপাদন কার্যক্রম পরিচালিত হয়। অন্য দেশে চাকরি স্থানান্তর করার জন্য প্রায়ই অফশোরিং সমালোচিত হয়। তবে এটি প্রতিষ্ঠানগুলোর পক্ষে চূড়ান্ত উপকারী এবং শেষ পর্যন্ত উভয় দেশের অর্থনীতিতে উন্নতি করতে পারে। অফশোরিংয়ে ব্যবসায়ের উল্লেখযোগ্য উপকার পাওয়ার সম্ভাবনা রয়েছে। যেমন কম ব্যয়, দক্ষ লোকের আরো ভালো প্রাপ্যতা এবং বিশ্বব্যাপী প্রতিভা পুলের মাধ্যমে দ্রুত কাজ সম্পন্ন করা।

## বৈশ্বিক উৎপাদনে কৌশলসমূহ

## Strategies of Global Production

আন্তর্জাতিক বাজারের জন্য কোথায় এবং কীভাবে পণ্য উৎপাদন করা হবে, এই সিদ্ধান্ত নেওয়ার জন্য প্রতিষ্ঠানগুলো সাধারণত তিনটি কৌশল ব্যবহার করে থাকে। কৌশলগুলো ঝুঁকি, ব্যয়, বিনিময় হারের ওঠানামা এবং স্থানীয় সক্ষমতা বৃদ্ধির ক্ষেত্রে পৃথক হয়ে থাকে।

## ১. উৎপাদন ও রপ্তানি (Manufacturing and Exporting)

সর্বনিম্ন বিনিয়োগে উৎপাদনের কৌশলটি হলো কোম্পানির বিদ্যমান উৎপাদন স্থানে পণ্য তৈরি করা এবং তারপর এটিকে নতুন বাজারে রপ্তানি করা। নতুন বাজারে একটি প্রকল্প খোলা ন্যায়সংগত নাও হতে পারে, এমন পরিস্থিতিতে কোম্পানিগুলো এই সমাধানটি ব্যবহার করে।

## ২. বৈশ্বিক উপাদানের দেশীয় সংযোজন (Global Components with Local Assembly)

পরবর্তী স্তরের কৌশলটি হলো বিদেশি উপাদানের সরবরাহে দেশীয়ভাবে সংযোজন করা। যেমন-ডেল(Dell) এই পদ্ধতি ব্যবহার করে। এটি বিশ্বব্যাপী উচ্চ প্রযুক্তির কম্পিউটার উপাদান কিনে তবে ব্রাজিলে কাস্টমাইজড সমাবেশ সম্পাদন করে।

## ৩. স্থানীয় উৎপাদন (Local Production)

অবশেষে একটি কোম্পানি সম্পূর্ণ স্থানীয় হয়ে যেতে পারে। বিদেশ থেকে উপকরণ সোর্সিং করে এবং সেখানে পণ্য উৎপাদন করে। নকিয়া(Nokia) ভারতে এই কৌশলটি ব্যবহার করেছিল। এই কৌশলটি স্বল্প ব্যয়যুক্ত শ্রম, আঞ্চলিক সরবরাহকারী এবং স্থানীয় জ্ঞানের সর্বাধিক সুবিধা গ্রহণ করে।

## সরবরাহ চেইন ব্যবস্থাপনা

### Supply-Chain Management

পণ্য এবং সেবাসামগ্রী প্রবাহে পরিচালনা এবং কাঁচামালকে চূড়ান্ত পণ্যতে রূপান্তরিত করার সমস্ত প্রক্রিয়াকে সরবরাহ-চেইন ব্যবস্থাপনা বলে। এটি গ্রাহকের মান সর্বাধিক করতে এবং বাজারে প্রতিযোগিতামূলক সুবিধা অর্জনের জন্য ব্যবসায়ের সরবরাহ চেইন ক্রিয়াকলাপগুলোর সক্রিয় প্রবাহকে জড়িত করে। দক্ষ এবং অর্থনৈতিকভাবে বিকাশের জন্য সরবরাহ চেইন ব্যবস্থাপনা সরবরাহকারীদের প্রচেষ্টাকে প্রতিনিধিত্ব করে। এর জন্য সঠিক তথ্য ব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।



#### সারসংক্ষেপ :

